

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
লোহাগাড়া, চট্টগ্রাম
dss.lohagara.chittagong.gov.bd

সভার বিজ্ঞপ্তি

"উপজেলা মুক্তিযোদ্ধা সংক্রান্ত স্থায়ী কমিটি", লোহাগাড়া, চট্টগ্রাম এর সকল সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৭/১১/২০২১ খ্রিঃ তারিখ বেলা ০২.০০ টায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম মহোদয়ের অফিস কক্ষে কমিটির এক সভা আহ্বান করা হয়েছে।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকল সম্মানিত সদস্যকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচী সমূহ :

- ০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ০২। মুক্তিযোদ্ধা সম্মানী ভাতাভোগীদের প্রতিস্থাপন সংক্রান্ত আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহণ।
- ০৩। বিবিধ।

স্বাঃ/-

এম. ইব্রাহিম
ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা মুক্তিযোদ্ধা সংক্রান্ত স্থায়ী কমিটি
লোহাগাড়া, চট্টগ্রাম।

স্মারক নং : ৪১.০১.১৫৪৭.০০০.০৬.০০১.২১-১৬৬

তারিখ : ১০/১১/২০২১ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, লোহাগাড়া, চট্টগ্রাম।

বিতরণ : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। , সদস্য/সকল (সংশ্লিষ্ট কমিটি), লোহাগাড়া, চট্টগ্রাম।
- ০২। সংরক্ষণ কপি।



দেলোয়ার হোসাইন

উপজেলা সমাজসেবা অফিসার

লোহাগাড়া, চট্টগ্রাম

ফোনঃ ০২৩৩৪৪৫৮৯৯৮

ইমেইল-usso.lohagara.chittagong@dss.gov.bd

উপজেলা মুক্তিযোদ্ধা সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি : জনাব এম. ইব্রাহিম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম
 সভার স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম এর অফিস কক্ষ
 সভার নম্বর, তারিখ ও সময় : সভার নম্বর :....., তারিখ : ১৭/১১/২০২১ খ্রিঃ এবং সময় : বেলা ০২.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নাম/পদবী ও স্বাক্ষর

ক্রমিক	সদস্যবৃন্দের নাম/পদবী ও ঠিকানা	পদবী	স্বাক্ষর
১.	জনাব এম. ইব্রাহিম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ লোহাগাড়া	সভাপতি	স্বাক্ষরিত
২.	বেগম জেসমিন আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ লোহাগাড়া	সদস্য	স্বাক্ষরিত
৩.	জনাব আলহাজ্ব মো: আইয়ুব মিয়া, চেয়ারম্যান, আধুনগর ইউ, পি	সদস্য	স্বাক্ষরিত
৪.	বেগম কহিনুর আক্তার, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ লোহাগাড়া	সদস্য	স্বাক্ষরিত
৫.	দেলোয়ার হোসাইন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, লোহাগাড়া, চট্টগ্রাম	সদস্য-সচিব	স্বাক্ষরিত

আলোচ্যসূচী সমূহ :

- ০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ০২। মুক্তিযোদ্ধা সম্মানী ভাতাভোগীদের প্রতিস্থাপন সংক্রান্ত আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহণ।
- ০৩। বিবিধ।

আলোচ্যসূচী-০১ : সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে উপজেলা সমাজসেবা অফিসার, লোহাগাড়া, চট্টগ্রাম বিগত সভার কার্যবিবরণী উপস্থিত সদস্যকে পাঠ করে শুনায়। বিগত সভার কার্যবিবরণীতে কারো কোন সংশোধনী প্রস্তাব না থাকায় উপস্থিত সবার সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

আলোচ্যসূচী-০২ : উপজেলা সমাজসেবা অফিসার, লোহাগাড়া, চট্টগ্রাম সভায় জানায় যে, লোহাগাড়া উপজেলায় বর্তমানে ৯৫ জন মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা পায়। তন্মধ্যে মৃত্যুজনিত কারণে ০৬ জনকে প্রতিস্থাপন করা হয়েছে। ৪৩ জন জীবিত বীর মুক্তিযোদ্ধা এই সম্মানী ভাতা উত্তোলন করছেন। মৃত্যুজনিত কারণে প্রতিস্থাপনের ক্ষেত্রে অনেক বিলম্ব হচ্ছে বলে সভায় আলোচনা হয়। তাছাড়া অনেকেই প্রতিস্থাপনের জন্য কি কি ডকুমেন্টস দিতে হয় তা না জানার কারণে অনেকবার সমাজসেবা অফিসে আসতে হয়। তাই সভায় উপস্থিত সবার সম্মতিক্রমে সমাজসেবা অফিস কর্তৃক প্রতিস্থাপনের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস এর একটি চেকলিস্ট প্রণয়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া প্রতিস্থাপনকৃত মুক্তিযোদ্ধাদের তথ্য সম্বলিত তালিকা আলাদাভাবে সংরক্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী-০৩ : সভায় উপস্থিত সদস্যরা উপজেলা পরিষদ এর মুক্তিযোদ্ধা সংক্রান্ত স্থায়ী কমিটির কার্যক্রমের উপর সম্মতি প্রকাশ করেন। পরিশেষে আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি কর্তৃক সভাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



এম. ইব্রাহিম
 চেয়ারম্যান (সম্মানিত)
 উপজেলা পরিষদ
 লোহাগাড়া, চট্টগ্রাম